গাংনীর ভ্রমরদহ থেকে ফেন্সিডিলসহ যুবক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার ভ্রমরদহ স্কুলপাড়ার আজিজুলের বাড়ির পূর্ব পাশে করমদিগামী পাকা রাস্তায় অভিযান চালিয়ে ২০ বোতল ফেন্সিডিল, একটি মোবাইল ও নগদ ৩ হাজার টাকাসহ রুবেল হোসেন (২৩) নামের এক যুবককে আটক করেছে র্যাব।

আজ রবিবার বিকাল পৌনে ৩টার দিকে মেহেরপুর র্যাব ক্যাম্পের কমাণ্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মো. গোলাম ফারুকের ননেতৃত্বে র্যাবের একটি টিম এ অভিযান পরিচালনা করেন। আটক রুবেল হোসেন গাংনী উপজেলার সহরাতলা বাগানপাড়ার নজরুল ইসলামের ছেলে।

র্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পািরেএকজন ব্যক্তি ভ্রমরদহ সস্কুলের পাশে মাদক বিক্রির জন্য অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরে তাকে তল্লাশি করে তার কাছে থেকে ২০ বোতল ফেন্সিডিল, একটি অপ্পো মোবাইল ফোন ও নগদ ৩ হাজার টাকা উদ্ধার করা হয়। পরে তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

গাংনী সীমান্তে ফেনসিডিলসহ ২ যুবক আটক

বিজিবির মাদক ও চোরাচালান বিরোধী অভিযানে ২ বোতল ফেনসিডিলসহ ২ মাদক কারবারীকে আটক করেছে।

আটকরা হলেন, গাংনী উপজেলার চিৎলা গ্রামের মোঃ বদর আলীর ছেলে মোঃ হাসিব(২৬) গাংনী পৌরসভার বাঁশবাড়িয়া গ্রামের আব্দুল হান্নানের ছেলে আশিকুর রহমান (১৯)।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) তেঁতুলবাড়ী বিওপি’র কমান্ডার

হাবিলদার মোঃ অজিয়ার রহমানের নেতৃত্বে বিজিবির একটি টিম অভিযানে অংশ নেন।

ভারতীয় সীমান্তের তেঁতুলবাড়িয়া গ্রামের আন্তর্জাতিক পিলার ১৩৮/১-এস হতে ৮০০ গজ বাংলাদেশের অভ্য̈ন্তরের হাজীপাড়া এলাকার পাকা রাস্তার মোড় নামক ̄স্থান থেকে তাদের দুজনকে আটক করেন।

গতকাল শনিবার (১২ নভেম্বর) বিকালের দিকে তেঁতুলবাড়িয়া গ্রামের হাজীপাড়া এলাকার পাকা রাস্তার মোড় নামক ̄স্থান থেকে তাদের আটক করা হয়।

এসময় তাদের কাছ থেকে ২ বোতল ফেনসিডিল, একটি মোটরসাইকেল, ২ টি মোবাইল ফোন ও ৪ টি সিমকার্ড জব্দ করা হয়েছে।
তেঁতুলবাড়ী বিওপি’র কমান্ডার হাবিলদার মোঃ অজিয়ার রহমান জানান, মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে ওই দুই মাদক কারবারীকে আটক করা হয়েছে।
আটকদের বিরুদ্ধে শনিবার সন্ধ্যায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে ৫ গ্রাম হেরোইন সহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে মাদকবিরোধী অভিযানে পাঁচ গ্রাম হেরোইন সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

মোনাখালী দক্ষিণ পাড়ার খেলার মাঠে মাদক বিক্রির উদ্দেশ্যে কিছু মাদক ব্যবসায়ী অবস্থান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেলের নির্দেশে, শনিবার রাত সাড়ে দশটার দিকে মুজিবনগর থানার এসআই সুভাস কুমার রায়, এস আই বিপ্লব কুমার হালদার, এএস আই মোঃ আব্দুল আলিম এবং এএসআই শিহাব উদ্দিনসহ সংগীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে মোনাখালী গ্রামের দক্ষিণ পাড়ার মৃত মোনাজাত আলীর ছেলে বুলবুল(৩৫) এবং দারিয়াপুর ইউনিয়নের বিদ্যাধরপুর গ্রামের কুঠিপাড়ার শুকুর আলীর

ছেলে সাইফুল ইসলামকে (২৩) ৫ গ্রাম হেরোইন সহ হাতেনাতে আটক করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান মুজিবনগর উপজেলা কে মাদকমুক্ত করতে মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করা হয়েছে রবিবার তাদের নামে ৫/১১০ তাং১৬/১০/২২ধারা এবং ২০১৮ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ৮(ক) মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর শহরে হেরোইনসহ মাদক কারবারী আটক

মেহেরপুর শহরে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী অভিযান ১৫ পুরিয়া হেরোইনসহ শাহিন আলী নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে।

আটক শাহিন আলী মেহেরপুর শহরের চক্র পাড়া আবুল কাশেমের ছেলে। শনিবার (১৫ অক্টোবর) বিকালের দিকে মেহেরপুর বাস টার্মিনাল থেকে শাহিন আলীকে আটক করা হয়।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম তাকে আটক করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ (সংশোধনী/২০২০) সনের ৩৬(১)সারণির ৮ (ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে।

আটক শাহিন আলী কে আদলেতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৫ বোতল ভারতীয় ফেনসিডিল সহ শিমুল রানা(২২)নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার রাত সাড়ে ৯ টার দিকে গোপন সাংবাদে ভিত্তিতে তার বাড়িতে অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ী শিমুলকে আটক করে পুলিশ।

এ সময় তার স্বীকারোক্তিতে তার নিজের রান্না ঘরের ভিতরে বস্তার মধ্যে লুকিয়ে রাখা অবস্থায় ২৫ বোতল ফেনসিডিল উদ্ধার করে পুলিশ। আটক মাদক ব্যবসায়ী শিমুল মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের দারিয়াপুর গ্রামের ঘোষপাড়ার রহিদুল ইসলামের ছেলে।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে গোপন সংবাদের উপর ভিত্তি করে মুজিবনগর থানা ইনচার্জ (ওসি) মেহেদী রাসেলের নির্দেশে ও নেতৃত্বে এসআই সাহেব আলী, এসআই সাইদুর রহমান, এস আই সেকেন্দার আলী এবং এ এস আই শিহাব উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স এই অভিযান পরিচালনা করেন।

ওসি মেহেদি রাসেল জানান মাদকবিরোধী অভিযানে সোমবার রাত সাড়ে নটার দিকে অভিযান চালিয়ে শিমুল নামের এক মাদক ব্যবসায়ীকে ২৫ বোতল ভারতীয় ফেনসিডিল সহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মঙ্গলবার বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

দর্শনার ফুলবাড়িতে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী ফুলবাড়ী গ্রাম থেকে ভারতীয় ইয়াবাসহ খাইরুল বাশার (২৮) নামের এক পাচারকারীকে আটক করেছে ৬ বিজিবি। এসময় মাদক পাচার কাজে ব্যবহৃত মোটরসাইকেলটি

জব্দ করেছে বিজিবি।

আটককৃত খাইরুল বাশার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের ফুলবাড়ী গ্রামের খলিলুর রহমানের ছেলে।

গতকাল বুধবার দুপুরে ২৬২পিচ ইয়াবাসহ তাকে আটক করা হয়।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক শাহ মোঃ ইশতিয়াক জানান, গোপন সংবাদের ভিত্তিত্বে উপজেলার ফুলবাড়ী বিওপির হাবিলদার রায়হান কবির টহল দল নিয়ে সীমান্তের ৮৫/১৭টি পিলার থেকে ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে ফুলবাড়ী দক্ষিনপাড়া তিন রাস্তার মোড়ের অবস্থান নেয়। এসময় দুপুর ১২টার দিকে এক ব্যক্তিকে মোটরসাইকেল যোগে দর্শনার বুচিতলার দিকে যেতে দেখলে তাকে চ্যালেঞ্জ করে।

বিজিবির উপস্থিতি টেরপেয়ে সে দৌড়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে টহলদল তাকে মোটরসাইকেলসহ আটক করে। পরে মোটরসাইকেলটি তল্লাশী করে মোটরসাইকেলের সাইট কভারের ভিতর লুকিয়ে রাখা ২৬২ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। উদ্ধারকৃত ট্যাবলেটের মৃল্য দুই লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত টাকা। আটকৃত আসামীকে দর্শনা থানায় সোর্পদ করা হয়েছে।

গাংনীতে মাদক ও ডাকাতির মামলায় ৪ আসামি গ্রেফতার

গত ১২ ঘন্টার অভিযানে ৪ ডট মাদকসহ ডাকাতি মামলার ১ আসামিসহ নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামীকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

৪ টি মাদক ও ডাকাতি মামলাসহ ৫ টি মামলার আসামি গাংনী উপজেলার কল্ল্যাণপুর গ্রামের সামসুদ্দিনের ছেলে শরিফুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে।

শরিফুল ইসলাম এলাকার একজন শীর্ষ মাদক ব্যবসায়ী। তার নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশের দায়ের করা ৪ টি মামলা রয়েছে।

তার নামে দায়ের হওয়া মামলাগুলোর মধ্যে রয়েছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের হওয়া মামলা নং ৯, তারিখ ১৬/১০/১৮, ডাকাতি মামলার সন্দেহভাজন আসামি যার মামলা নং ১/১৪৯, তারিখ ০১/০৭/২০২২ ইং, ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) এর ৩(খ)/১৯(৪) ধারায় দায়ের করা মামলা নং ২১, তারিখ ২৭/১০/২০২২, একই আইনে দায়ের হওয়া মামলা নং ৯, তারিখ ১৬/১০/২০১৮।

গ্রেফতারকৃত অপর আসামিরা হলেন, মারিমারির অভিযোগে প্রতিপক্ষের দায়ের করা গাংনী থানার মামলা নং ১৮, তারিখ ১৮/০৯/২২ আসামি বাদিয়াপাড়া গ্রামের মৃতু হারেজ আলীর ছেলে আলাদিম হোসেন, অপর একটি মারামারির অভিযোগে দায়ের করা মামলার আসামি একই উপজেলার বাঁশবাড়িয়া গ্রামের মৃতু আব্দুস সাত্তারের ছেলে হাসান মিয়া (৫৫) ও শহিদুল ইসলামের ছেলে টুটুল হোসেন।

মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) দিবাগত রাতভর আজ বুধবার (২৮ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম রাতের বিভিন্ন সময়ে গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (২৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

মেহেরপুরে হাফ ডজন মামলার আসামি শীর্ষ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মাদকদ্রব্য, মারামারি ও পাসপোর্ট আইনসহ বিভিন্ন আইনে প্রায় হাফ ডজন মামলার আসামি শহরের শীর্ষ মাদক ব্যবসায়ী সামিউল আজিম ওরফে রাজা (২২) কে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

গোপন সংবাদের ভিত্তিতে সদর থানার এসআই মোমিনের নেতৃত্বে এএসআই শাকিলসহ সঙ্গীয় ফোর্স সহ রবিবার বিকালের দিকে শহরের হালদারপাড়া এলাকা থেকে ১০ গ্রাম হেরোইনসহ সুজনকে গ্রেফতার করা হয়। মাদক ব্যবসায়ী সুজন শহরের বোশপাড়া এলাকার মাসুদের ছেলে।

সদর থানার এসআই মোমিন জানান, সামিউল আজিম ওরফে রাজা ও তার অপর কয়েকজন সহযোগী শহরের হালদারপাড়া এলাকাতে হেরোইন বিক্রি করছে এমন সংবাদে অভিযান চালানো হয়। অভিযান টের পেয়ে অন্য সহযোগীরা পালিয়ে গেলেও সুজন ১০ গ্রাম হেরোইন সহ গ্রেফতার হন।

সামিউল আজিম ওরফে রাজর নামে এর আগেও বিভিন্ন অভিযোগে ৫ টি মামলা আদালতে বিচারাধীন রয়েছে। মামলাগুলোর মধ্যে রয়েছে, (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে) নং ৩৬, তারিখ ২৩/০২/২০২, মামলা নং ২৬ তারিখ-২০/০৭/২০২০ ইং, মামলা নং ২৩, তারিখ ২৮/২২/২০১৮, পাসপোর্ট আইনের মামলা নং ৪৫ তারিখ ২৯/০৮/২১ ইং, মারমারির অভিযোগে ৪১ তারিখ-২৪/০১/২০২০ ইং।

তার নামে দায়ের হওয়া এসব মামলাগুলো আদালতে বিচারাধীন রয়েছে। ১০ গ্রাম হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানার মামলা নং ৩৭, তারিখ ২৮/০৮/২০২২ ইং। গ্রেফতারকৃত সামিউল আজিম ওরফে রাজা আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর সদর থানার রামদাসপুর পুলিশ ক্যাম্পের মাদক উদ্ধার অভিযানে ১ গ্রাম হেরোইনসহ মোঃ সোহাগ হোসেন ওরফে সেতু (২৭) কে আটক করেছে।

আটক সোহাগ মেহেরপুর সদর থানার তেরঘরিয়া গ্রামের বিলপাড়া এলাকার মৃতু নুর মহাম্মদ শেষের ছেলে।

রামদাসপুর পুলিশ ক্যাম্পের এসআই(নিঃ) মোঃ তৌহিদুল ইসলামের

নেতৃত্বে পুলিশের ক্যাম্পের একটি টিম শুক্রবার দিবাগত রাতে রামদাসপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার কাছে থেকে ১ গ্রাম হেরোইন জব্দ করা হয়।

আসামীর বিরুদ্ধে ৩৬(১) সারণির ৮(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮; ধারায় মেহেরপুর সদর থানার একটি মামলা হয়েছে। মামলা নং-৩৫।

আজ শনিবার (২৭ আগষ্ট) আটককে বিচারের নিমিত্তে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনায় ফেনসডিলসহ নারী মাদক ব্যবসায়ী আটক

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেনসডিলসহ এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

জানাগেছে, শুক্রবার দুপুর সোয়া ২টার দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এস,আই তারিকুজ্জামান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন রামনগর গ্রামস্থ রামনগর ফুটবল মাঠের পূর্ব পাশে পাকা রাস্তার উপর।

এসময় উক্তস্থানে অভিযান পরিচালনা কালে ভারতীয় ৩৬ বোতল ফেন্সিডিলসহ পিনজিরা খাতুন (৩৫) নামের এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেন। আটক মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মাজারপোতা গ্রামের বাসিন্দা ও তরিকুল ইসলামের স্ত্রী।

আটক মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। পিনজিরা খাতুনকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুযাডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।